## উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ

১। নির্যাতিত নারী ও শিশুদের অভিযোগ গ্রহণ করা হয়;
২। শুনানী গ্রহণের জন্য উভয় পক্ষকে নোটিশ প্রদান করা হয়;
৩। উভয় পক্ষের শুনানী গ্রহণ পূর্বক সমস্যার সমাধান করা হয়; অন্যথায় পরবর্তী ব্যবস্থা গ্রহণের দিক নির্দেশনা দেওয়া হয়।

## বাল্য বিবাহ

বাল্য বিবাহের অভিযোগ পেলে সাথে সাথে থানা প্রশাসনের সহযোগীতায় বিয়ে বন্ধ করার উদ্যোগ নেওয়া হয় এবং বিয়ে বন্ধ করা হয়।

## নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল এর মামলা তদন্ত

১। কোর্ট হতে মামলা প্রাপ্তি স্বাপেক্ষে শুনানীর জন্য নোটিশ প্রদান;
২। শুনানী গ্রহণ;
৩। স্থানীয়ভাবে মিমাংশা করতে চাইলে বাদিনীর সম্মতিতে সময় প্রদান;
৪। তদন্তকারী কর্মকর্তা হিসেবে সরজমিন তদন্ত
৫। কোর্টে প্রতিবেদন প্রেরণ।

## আমলগ্রহণকারী আদালত এর মামলা

১। কোর্ট হতে মামলা প্রাপ্তি স্বাপেক্ষে সংক্ষুব্ধ ব্যাক্তিকে নোটিশ প্রদান এবং থানায় পত্র প্রেরণ;
২। নির্ধারিত তারিখে সংক্ষুব্ধ ব্যাক্তিকে নিয়ে পুলিশসহ প্রতিপক্ষের বাড়িতে গমন এবং সংযুক্ত তালিকায় বর্ণিত মালামালের তালিকা ও প্রতিবেদন প্রস্তুত;
৩। তালিকা ও প্রতিবেদন কোর্টে প্রেরণ;
৪। ২য় বার আদেশ প্রাপ্তি স্বাপেক্ষে সংক্ষুব্ধ ব্যাক্তিকে নোটিশ প্রদান এবং থানায় পত্র প্রেরণ;

৫। নির্ধারিত তারিখে সংক্ষুব্ধ ব্যাক্তিকে নিয়ে পুলিশসহ প্রতিপক্ষের বাড়িতে গমন এবং সংযুক্ত তালিকা মোতাবেক মালামাল উদ্ধার করে সংক্ষুব্ধ ব্যাক্তিকে বুঝিয়ে দেয়া;

৬। পুনরায় কোর্টে প্রতিবেদন প্রেরণ।